খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯. তারিখ- /০৫/২০২৫খ্রি.

**বিষয় : সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র ৮ম সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮/০৫/২০২৫খ্রি. তারিখ বুধবার সকাল ১০-৩০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের 'শহীদ আলতাফ মিলনায়তনে' বিভাগীয় কমিশনার, খুলনা ও কেসিসি'র **মাননীয় প্রশাসক জনাব মোঃ ফিরোজ সরকার** মহোদয়ের সভাপতিত্বে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশল পত্র ২০২০-২০৩০ বাস্তবায়নের লক্ষ্যে কেসিসি'র মধ্য-মেয়াদী (২০২২-২৩ থেকে ২০২৫-২৬) কর্মপরিকল্পনা (Action plan) অনুযায়ী নিম্নোক্ত আলোচ্যসূচিসহ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র ৮ম সভা অনুষ্ঠিত হবে।

**সভার আলোচ্যসূচি :**

(১) সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র গত ২৫/০৩/২০২৫খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ।

(২) কেসিসি'র বাজেট ব্যবস্থাপনা ও বাজেট পরিকল্পনা সংক্রান্তে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(৩) বিবিধ।

উক্ত সভায় অংশগ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

.................................................

.................................................

.................................................

.................................................

প্রধান নির্বাহী কর্মকর্তা
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

অনুলিপি :

১। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
২। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৩। Ms. Naoko ANZAI, the Chief Advisor of C4C-2, JICA, Bangldesh.
৪। সি.এ. টু প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংশ্লিষ্ট নথি।

D:\Current File\CLCC\Letter\Committee Letter\8. Committee Letter-28.05.25.Docx

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

## সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) এর ৮ম সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ ফিরোজ সরকার, বিভাগীয় কমিশনার, খুলনা ও প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন।
সভার স্থান : শহীদ আলতাফ মিলনায়তন, খুলনা সিটি কর্পোরেশন।
তারিখ ও দিন-ক্ষণ : ২৮/০৫/২০২৫ খ্রিঃ, বুধবার, সকাল ১০.৩০ ঘটিকা।

**সভায় উপস্থিতি : সংযুক্ত পরিশিষ্ট 'ক'**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী সম্পর্কে কারো কোন বক্তব্য থাকলে তা উপস্থাপন করার অনুরোধ জানান।

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র গত ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ। | **জনাব কোহিনুর জাহান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা (অতিঃ দাঃ)** বলেন, বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী খুলনা শহরে হোল্ডিং মালিকদের বাড়ির আশে পাশে ঝোপ-জঙ্গল পরিষ্কার করণের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। এ ছাড়া কেসিসি'র নিজস্ব পরিচ্ছন্নকর্মী দ্বারা ওয়ার্ড এলাকায় পরিষ্কার-পরিচ্ছন্নকরাসহ মশার জন্মস্থান (স্টক ওয়াটার, ব্রিডিং গ্রাউন্ড ইত্যাদি) ধ্বংস করা হয়েছে। তাছাড়া মশার উপদ্রুপ থেকে নগরবাসীকে রক্ষার জন্য সকালে ও বিকালে মশার লার্ভি সাইড ধ্বংস করার জন্য ড্রেনে, ঝোপ-ঝাড়ে ও বাড়ির আশে পাশে স্প্রে করা এবং এডাল্টি সাইড উড়ন্ত মশা মারার জন্য ফগার কার্যক্রম চালানো হয়েছে। এসব কাজে ওয়ার্ড কমিটি গঠন ও তদারকি এবং ক্রাশ প্রোগ্রাম পরিচালনা করা হয়েছে। সুতরাং ৭ম সভার সিদ্ধান্ত সবই বাস্তবায়ন করা হয়েছে বিধায় কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে।<br><br>সভাপতি উপস্থিত সকলের মতামত গ্রহণ পূর্বক ৭ম সভার কার্যবিবরণী নিশ্চিত/দৃঢ়ীকরণ করার অভিমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গত ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র ৭ম সভার কার্যবিবরণী নিশ্চিত/দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২। কেসিসি'র বাজেট ব্যবস্থাপনা ও বাজেট পরিকল্পনা সংক্রান্তে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব মোঃ মনিরুজ্জামান, বাজেট কাম একাউন্টস অফিসার,** কেসিসি বলেন, খুলনা সিটি কর্পোরেশনের ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নের লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য সকল বিভাগ/শাখা-কে পত্র প্রদান করা হয়। সে মোতাবেক সকল বিভাগ/শাখা কর্তৃক বাজেটের তথ্য প্রেরণ করে। উক্ত তথ্য সংগ্রহের পর বাজেট প্রণয়নের কাজ চলমান রয়েছে। খসড়া বাজেট প্রস্তুতের পর জুলাই' ২৫ প্রথম সপ্তাহে খসড়া বাজেট নিয়ে আলোচনা করে চূড়ান্ত বাজেটের রূপরেখা প্রস্তুত করা হবে। আশা করা যায় জুলাই '২৫ মাসের ২য় সপ্তাহের মধ্যে বাজেটের কাজ সম্পন্ন করে অনুমোদনের লক্ষ্যে মাসিক সভায় উপস্থাপন করা হবে। অনুমোদিত হলে দ্রুততম সময়ের মধ্যে জনসম্মুখে কেসিসি'র বাজেট ঘোষণা করা হবে।<br><br>**জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব),** কেসিসি বলেন, বাজেট ছোট হলেও জনকল্যাণমুখী ও কার্যকরী বাজেট হতে হবে।<br><br>**সভাপতি** ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট জুলাই '২৫ মাসের ২য় সপ্তাহের মধ্যে খসড়া বাজেট প্রস্তুত এবং তা কেসিসি'র মাসিক সভায় অনুমোদন, অত:পর বাজেট ঘোষণা করার বিষয়ে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে জুলাই '২৫ মাসের ২য় সপ্তাহের মধ্যে ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৫-২৬ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রস্তুত করে আলোচনা এবং মাসিক সভায় অনুমোদন, অত:পর বাজেট ঘোষণা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব বিভাগ |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩। বিবিধ-১ | **জনাব মোঃ মনিরুজ্জামান রহিম, যুগ্ম-মহাসচিব, বৃহত্তর খুলনা উন্নয়ন সংগ্রাম সমন্বয় কমিটি**, বলেন, যানজট নিরসনের লক্ষ্যে কেসিসি প্রদত্ত RFID কার্ডের মাধ্যমে যাচাই-বাছাই করে অবৈধ ইজিবাইক আটক বা ডিস্ট্রয় অথবা তাদেরকে জরিমানার আওতায় আনতে হবে। তাহলে খুলনা শহরে অবৈধ ইজিবাইক চলাচল বন্ধ হবে এবং ইজিবাইকের সংখ্যা কমে গেলে কিছুটা হলেও যানজট নিরসন হবে।<br><br>**জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী**, কেসিসি বলেন, কেএমপি'র নিজস্ব অর্থায়নে ইজিবাইক চালকদের প্রশিক্ষণ প্রদানে প্রাথমিকভাবে কার্যক্রম শুরু করা হয়েছে। এ প্রশিক্ষণে ৩,৪৮,০০০/-(তিনলক্ষ আটচল্লিশ হাজার) টাকা খরচ হবে। প্রশিক্ষণ বাবদ অতিরিক্ত খরচের জন্য কেসিসি'র প্রশাসক বরাবর আবেদন করা হয়েছে। উল্লিখিত আবেদন পরিবর্তন করে পূনরায় আরেকটি আবেদন করলে প্রশিক্ষণ বাবদ অতিরিক্ত খরচের টাকা কেসিসি থেকে প্রদান করা হবে মর্মে তিনি মতব্যক্ত করেন।<br><br>**জনাব ঝুমুর বালা, ডিএমপি, খুলনা ওয়াসা**, খুলনা বলেন, খুলনা শহরে ক্যাপাসিটি অনুযায়ী ইজিবাইক বা রিক্সা চলাচলের সংখ্যা নির্ধারণ করতে হবে, তাহলে অনেকটা যানজট নিরসন হবে।<br><br>**জনাব সৈয়দা রেহানা ঈসা, পরিচালক, সানফ্লাওয়ার কিন্ডার গার্টেন স্কুল**, খুলনা বলেন, ইজিবাইক বা রিক্সা বড় বড় মোড়ে কিভাবে দাঁড়াবে তারও একটা প্রশিক্ষণ দরকার। সেগুলোর গতি কিভাবে নিয়ন্ত্রণ করবে তারা তা জানে না। রাস্তার মাঝখানে বা যেখানে-সেখানে দাঁড়িয়ে প্যাসেঞ্জার নামায় বা উঠায়। ট্রাফিক পুলিশের সংখ্যা বাড়িয়ে শহরের প্রতিটি মোড়ে দায়িত্ব পালন করতে হবে। এ শহরের রাস্তা বেশি চওড়া না, উপরন্ত রাস্তার উপর দাঁড়িয়ে ফেরিওয়ালারা ফল ও কাপড়-চোপড় বিক্রি করে। এতে গাড়ি ও মানুষ চলাচলে অসুবিধা হয়। এগুলোকে শৃঙ্খলার মধ্যে আনতে হবে এবং সাধারণ মানুষের চলাচলের পথ নির্বিঘ্ন করতে হবে।<br><br>**জনাব মশিউজ্জামান খান, প্রধান প্রকৌশলী**, কেসিসি বলেন, ইজিবাইক নিয়ন্ত্রণের বিষয়ে তিনি প্রধান নির্বাহী কর্মকর্তার নেতৃত্বে প্রধান রাজস্ব কর্মকর্তা, সিনিয়র লাইসেন্স অফিসার, ডিসি (ট্রাফিক)-কেএমপি, প্রতিনিধি- ওজোপাডিকো, জনাব সৈয়দা রেহানা ঈসা সমন্বয়ে কমিটি গঠনের প্রস্তাব করেন।<br><br>**সভাপতি** RFID কার্ডের মাধ্যমে যাচাই-বাছাই করে খুলনা শহরে অবৈধ ইজিবাইক চলাচল বন্ধকরণ এবং ইজিবাইক সংক্রান্ত বিষয়ে নীতিমালা প্রণয়ন করার জন্য প্রধান প্রকৌশলীসহ উল্লিখিত প্রস্তাব মতে ইজিবাইক নিয়ন্ত্রণ কমিটি গঠনে সহমত ব্যক্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে কেসিসি প্রদত্ত RFID কার্ডের মাধ্যমে যাচাই-বাছাই করে খুলনা শহরে অবৈধ ইজিবাইক চলাচল বন্ধকরণ এবং ইজিবাইক সংক্রান্ত বিষয়ে নীতিমালা প্রণয়ন করার জন্য নিম্নোক্ত ইজিবাইক নিয়ন্ত্রণ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় :<br><br>**কমিটি :**<br><br>(১) প্রধান নির্বাহী কর্মকর্তা, কেসিসি — সভাপতি<br>(২) প্রধান প্রকৌশলী, কেসিসি — সদস্য<br>(৩) প্রধান রাজস্ব কর্মকর্তা, কেসিসি — সদস্য<br>(৪) ডিসি (ট্রাফিক), কেএমপি — সদস্য<br>(৫) প্রতিনিধি, ওজোপাডিকো, খুলনা — সদস্য<br>(৬) জনাব সৈয়দা রেহানা ঈসা, পরিচালক, সানফ্লাওয়ার কিন্ডার গার্টেন স্কুল, খুলনা — সদস্য<br>(৭) সিনিয়র লাইসেন্স অফিসার, কেসিসি — সদস্য-সচিব | রাজস্ব বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৫/২৫

মোঃ ফিরোজ সরকার
প্রশাসক
খুলনা সিটি কর্পোরেশন

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.১৪.০৫৯.২২-৬১৭ (১৩) তারিখ-২৮/০৫/২০২৫ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব), খুলনা সিটি কর্পোরেশন।
৩। সচিব, খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রধান রাজস্ব কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৫। প্রধান প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।
৬। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৭। বাজেট কাম একাউন্টস অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
৮। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৯। সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC)'র সদস্য (সকল)।
১০। Ms. Naoko ANZAI, the Chief Advisor of C4C-2, JICA, Bangldesh.
১১। আই.টি ম্যানেজার, খুলনা সিটি কর্পোরেশন।
১২। সি.এ.টু প্রশাসক, খুলনা সিটি কর্পোরেশন।
১৩। সংশ্লিষ্ট নথি।

(স্বাক্ষরিত)
মোঃ ফিরোজ সরকার
প্রশাসক
খুলনা সিটি কর্পোরেশন